

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং - ১৫

২৮ চৈত্র ১৪২৭

তারিখ : -----

১১ এপ্রিল ২০২০


ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ (১) ধারার বিধান পরিপালন হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১১ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-বিআরপিডি (আর-১)-
৭১৭/২০২০-৩৪৮৫ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



সংযুক্ত: ০১ (এক)

(মোঃ মকবুল হোসেন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোন-৯৫৩০২৬৮

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

প্রজ্ঞাপন

নং-বিআরপিডি (আর-১)৭১৭/২০২০-৩৪৮৫

২৮ চৈত্র ১৪২৭

তারিখ : -----

১১ এপ্রিল ২০২০

নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হইতে রপ্তানিমুখী এবং সচল শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত বাজেট বরাদ্দ হইতে ৫,০০০ কোটি টাকার আর্থিক প্রণোদনা তহবিল হইতে সহজ শর্তে ঋণ সুবিধা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৭ তারিখ ০২ এপ্রিল ২০২০ এর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা জারি করা হইয়াছে। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ এর ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে তফসিলি ব্যাংক-কোম্পানীসমূহকে আলোচ্য তহবিল হইতে প্রদত্ত ঋণে একক ঋণ গ্রহীতার সর্বোচ্চ সীমা হিসাবায়নের ক্ষেত্রে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ২৬খ এর উপধারা (১) এর বিধান পরিপালন হইতে সাধারণভাবে অব্যাহতি প্রদান করা হইল।



আহমেদ জামাল

ডেপুটি গভর্নর

বাংলাদেশ ব্যাংক